

اً الْمُؤْمِنُون | Al-Mu'minun | الْمُؤْمِنُون

আয়াতঃ ২৩: ৫৬

আরবি মূল আয়াত:

نُسَارِعُ لَهُم فِي الخَيراتِ ؟ بَل لَّا يَشْعُرُونَ ﴿ ٥٤ ﴾

🗚 অনুবাদসমূহ:

(তা দ্বারা) আমি তাদের কল্যাণে দ্রুত এগিয়ে নিয়ে যাচ্ছি; বরং তারা উপলদ্ধি করতে পারছে না। — আল-বায়ান এর দ্বারা কি তাদের কল্যাণ ত্বরাম্বিত করছি? না, তারা বুঝে না। — তাইসিরুল তাদের জন্য সর্ব প্রকার মঙ্গল ত্বরাম্বিত করছি? না, তারা বুঝেনা — মুজিবুর রহমান

Is [because] We hasten for them good things? Rather, they do not perceive.

— Sahih International

৫৬. তাদের জন্য সকল মঙ্গল ত্বরাম্বিত করছি? না, তারা উপলব্ধি করে না।(১)

(১) কাফেরদের মতে, যে ব্যক্তি ভালো খাবার, ভালো পোশাক ও ভালো ঘর-বাড়ি লাভ করেছে, যাকে অর্থ-সম্পদ ও সন্তান-সন্ততি দান করা হয়েছে এবং সমাজে যে খ্যাতি ও প্রভাব-প্রতিপত্তি অর্জন করতে পেরেছে সে সাফল্য লাভ করেছে। আর যে ব্যক্তি এসব থেকে বঞ্চিত হয়েছে সে ব্যর্থ হয়ে গেছে। এ মৌলিক বিভ্রান্তির ফলে তারা আবার এর চেয়ে অনেক বড় আর একটি বিভ্রান্তির শিকার হয়েছে। সেটি ছিল এই যে, এ অর্থে যে ব্যক্তি কল্যাণ ও সাফল্য লাভ করেছে সে নিশ্চয়ই সঠিক পথে রয়েছে বরং সে আল্লাহর প্রিয় বান্দা, নয়তো এসব সাফল্য লাভ করা তার পক্ষে কেমন করে সম্ভব হলো।

পক্ষান্তরে এ সাফল্য থেকে যাদেরকে আমরা প্রকাশ্যে বঞ্চিত দেখছি তারা নিশ্চয়ই বিশ্বাস ও কর্মের ক্ষেত্রে ভুল পথে রয়েছে। এ বিভ্রান্তিটি আসলে কাফের লোকদের ভ্রন্থতার গুরুত্বপূর্ণ কারণগুলোর অন্যতম। একে কুরআনের বিভিন্ন স্থানে বর্ণনা করা হয়েছে, বিভিন্ন পদ্ধতিতে একে খণ্ডন করা হয়েছে এবং বিভিন্নভাবে প্রকৃত সত্য কি তা বলে দেয়া হয়েছে। [দৃষ্টান্তস্বরূপ দেখুন সূরা আল বাকারাহ: ২১২; সূরা আত তাওবাহ: ৫৫, ৬৯ ও ৮৫; সূরা হূদ: ২৭ থেকে ৩১; সূরা আর রা'দ: ২৬; সূরা আল কাহফ: ২৮, ৩২ থেকে ৪৩; সূরা মারইয়াম: ৭৭ থেকে ৮০; সূরা ত্বা-হা: ১৩১ ও ১৩২; সূরা আল আম্বিয়া: ৪৪ ও সূরা সাবা: ৩৫ আয়াত]।

যখন কোন ব্যক্তি বা জাতি একদিকে সত্য থেকে মুখ ফিরিয়ে নেয় এবং ফাসেকী, অশ্লীল কার্যকলাপ, যুলুম ও সীমালংঘন করতে থাকে এবং অন্যদিকে তার উপর অনুগ্রহ বর্ষিত হতে থাকে তখন বুঝতে হবে, বুদ্ধি ও কুরআন উভয় দৃষ্টিতে আল্লাহ তাকে কঠিনতর পরীক্ষার সম্মুখীন করেছেন এবং তার উপর আল্লাহর করুণা নয় বরং তার ক্রোধ চেপে বসেছে। আর এজন্যই কাতাদাহ রাহেমাহল্লাহ বলেন, আল্লাহর শপথ! তাদের সন্তান ও সম্পপদের ব্যাপারে তাদের সাথে ধোঁকার আশ্রয় নেয়া হয়েছে। হে আদম সন্তান! তুমি সন্তান ও সম্পদ দিয়ে কারও বিচার



🗘 hadithbd.com — কুরআন — আল-মুমিনুন। Al-Mu'minun | ٱلْمُوَّمِنُون

করো না, বরং তাদের ঈমান ও সৎকর্ম দিয়ে তাদের ভাল মন্দ সত্য ও অসত্য বিচার করো। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৫৬) তাদের জন্যে সর্বপ্রকার মঙ্গল ত্বরাম্বিত করছি? বরং তারা বুঝে না ।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2729

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন